

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৭০

১২/ শিশুদের দুগ্ধপান (১ الرضاع)

পরিচ্ছেদঃ স্ত্রীলোকের একা একা সফর করা অপছন্দনীয়।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ أَنْ تُسَافِرَ الْمَرْأَةُ وَحْدَهَا بِغَيْرِ مَحْرَمِ

## আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بُنُ مَنِيعٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةً، عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ يَحِلُّ لاِمْرَأَةِ تُوْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْحَجْرِ أَنْ تُسَافِرَ سَفَرًا يَكُونُ ثَلاَثَةَ أَيَّامٍ فَصَاعِدًا إِلاَّ وَمَعَهَا أَبُوهَا أَوْ أَخُوهَا أَوْ زَوْجُهَا أَوِ ابْنُهَا أَوْ ذُو مَحْرَمٍ مِنْهَا " . وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَابْنِ عَبَّاسٍ وَابْنِ عُمَر . قَالَ أَبُو عَيَسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَرُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " لاَ عَسَافِرُ الْمَرْأَةُ مُسِيرَةَ يَوْمٍ وَلَيْلَةٍ إِلاَّ مَعَ ذِي مَحْرَمٍ " . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ فِي الْمَرْأَةِ أَنْ تُسَافِرُ الْمَرْأَةِ أَنْ تُسَافِر لَالاً مَعْ ذِي مَحْرَمٍ . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الْمَرْأَةِ إِلاَّ مَعَ ذِي مَحْرَمٍ . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الْمَرْأَةِ إِلَا مَع ذِي مَحْرَمٍ . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الْمَرْأَةِ إِنَا كَانَ الْعَلْمِ لَا يَحْبُ عَلَيْهَا الْحَجُ لأَنَّ لَا مُورِي وَلَيْكُ الْمَالُ الْعَلْمِ لاَ يَجِبُ عَلَيْهَا الْحَجُ لأَنَ لَمُ مُوسِرَةً وَلَمْ الْعِلْمِ لاَ يَجِبُ عَلَيْهَا الْحَجُ لأَنَ الْمَرْأَةِ أَنْ تُسَافِر اللَّهِ عَزَ وَجَلَقَ وَوْلُ اللَّهُ عَنْ الْمَرْقُ وَلَى اللَّهُ عَنْ السَّيلِ لِقَوْلِ اللَّهِ عَزَ وَجَلَقَ وَوْلُ سُفُيْانَ التَّوْرِي وَأَهْلِ الْكُوفَةِ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعَلْمِ إِلَا كُوفَةٍ . وَقَالَ بَعْضُ أَهُلُ الْعُلْمِ إِلَا الْعِلْمِ إِلَا الْعَلْمِ إِلَيْ لَا عَلَى الْمَرْقِي وَأَهْلِ الْكُوفَةِ . وَقَالَ بَعْضُ أَلْهُ اللّهُ عَلَى الْمَرْمُ فَولُ اللّهُ مِن السَّيلِ لِقُولُ اللَّهُ عَلَى الْمَالِ فِي الْحَجِ . وَهُو قَولُ مَالِكُ بْنِ اللّهُ الْعَلْمِ وَالْسَافِعِي " . وَهُو قَولُ اللّهُ الْعَلْمِ الْعَلْمُ الْعُلْمِ الْعَلْمِ الْعَلْمِ الْعَلْمُ الْكُوفَةِ . وَقَالَ بَعْضُ أَلْسُولُ الْمُولِي اللّهُ عَلَى الْمَلْولُ الْمُولِلُ الْمُ الْمُولِلُ الْمُ الْمُ الْمُولُ الْمُ الْمُ الْمُ اللّهُ الْمُعْلَى الْمَلْولُ اللّهُ الْمَالِلُهُ اللّهُ الْمُ الْمُ الْمُلْمُ الْمُولِ اللّهُ الْمَلْمُ اللّهُ ا

## বাংলা

১১৭০. আহমদ ইবনু মানী (রহঃ) ...... আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে নারী আল্লাহ্ এবং শেষ দিনে ঈমান রাখে তার জন্য পিতা, ভ্রাতা, স্বামী, পুত্র বা যাকে বিয়ে করা হারাম এমন ব্যক্তির সঙ্গে ছাড়া তিন দিন বা ততোধিক দিনের সফর করা বিধেয় নয়। - ইবনু মাজাহ ২৮৯৮, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১১৬৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ হুরায়রা, ইবনু আব্বাস, ইবনু উমার রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ



ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সাহীহ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে তিনি বলেন, মুহাররাম (যার সঙ্গে বিবাহ হারাম) ছাড়া কারো সঙ্গে কোন মহিলা একদিন একরাত সফর করবে না। আলিমগণের এতদনুসারে আমল রয়েছে। তারা মুহাররাম পুরুষ সঙ্গী ছাড়া মহিলাদের সফর না জায়িয মনে করেন। কোন মহিলা যদি সম্পদশালীনী হন আর তার কোন মুহাররাম পুরুষ আত্মীয় না থাকে তবে তার হজ্জ করতে হবে কি-না এই বিষয়ে আলিমদের মতভেদ রয়েছে।

কোন কোন আলিম বলেন, তার উপর হজ্জ ফর্য নয়। মুহাররাম পাওয়াও কুরআনে উল্লেখিত 'পথের সামর্থ' পাওয়ার শামিল। কারণ, আল্লাহ তা'আলা ইরশাদ করেন, (হাজ্জ তার উপর ফর্য) যে পাথের সামর্থ্য রাখে। সুতরাং যদি মুহাররাম সঙ্গী না পায় তবে তার পথের সামর্থও হলো না। এ হলো, ইমাম সুফইয়ান ছাওরী ও কৃফাবাসী আলিমদের অভিমত। কতক আলিম বলেন, পথ যদি নিরাপদ হয় তবে ঐ মহিলা অন্যান্য লোকদের সাথে হজ্জ করতে বের হবে। এ হলো, ইমাম মালিক ইবনু আনাস ও শাফিঈ (রহঃ) এর অভিমত।

## **English**

Abu Sa'eed Al-Khudri narrated that The Messenger of Allah said: "It is not lawful for a woman who believers in Allah and the Last Day to travel on a trip that is three days or more, unless she is accompanied by her father, her brother, her husband, her son, or someone who is a Mahram to her."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন